

২০১৮ সালের স্নাতক (পাস) প্রাইভেট/ সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন সম্পর্কিত বিজ্ঞপ্তি
রেজিস্ট্রেশন বিষয়ক ওয়েবসাইট : www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions

- ১। **ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স প্রাইভেট রেজিস্ট্রেশন ফি সমূহ :**
প্রাথমিক আবেদন ফি- ২৫০, রেজিস্ট্রেশন ফি- ৪৮৫, পরিবহন- ১০০,
ইনকোর্স পরীক্ষার ফি- ৩৫০, নির্বাচনী পরীক্ষার ফি- ৩৫০ ব্যবস্থাপনা- ৫০ **সর্বমোট- ১৫৮৫/-**
- ২। **অনলাইনে আবেদন ফরম পূরণের তারিখঃ ১৮/০১/২০১৮ হতে ০২/০২/২০১৮ খ্রি. পর্যন্ত**
- ৩। **ফি'সহ পূরণকৃত আবেদন ফরম কলেজে জমা প্রদানের তারিখ :**
২১/০১/২০১৮ হতে ০৩/০২/২০১৮ (প্রতিদিন সকাল ১০.০০ টা-১.০০ টা পর্যন্ত, শিক্ষক পরিষদ মিলনায়তন)
- ৪। **প্রাইভেট রেজিস্ট্রেশন সংক্রান্ত নিয়মাবলী :**
 - ক) বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড হতে ২০১৪ সাল বা তৎপূর্বে উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ২০১৮ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে বি.এ/বি.এস.এস/বি.বি.এস কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। এ ছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড তেকে এইচ.এস.সি সমমান কোর্সসমূহ থেকে শুধুমাত্র ১। এইচ.এস.সি (ভোকেশনাল) ২। ডিপ্লোমা-ইন-কমার্স ৩। এইচ.এস.সি (বিজনেস ম্যানেজমেন্ট) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবে।
 - খ) 'ও' লেভেল পরীক্ষায় ০৩ (তিন) টি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৪ সাল বা তৎপূর্বে 'এ' লেভেল পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত: ০২(দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ কোর্সে আবেদন করতে পারবে।
 - গ) ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।
 - ঘ) যে সকল বিষয়ে মাঠকর্ম বা ব্যবহারিক পরীক্ষা আছে সে সকল বিষয়ে ডিগ্রী (পাস) প্রাইভেট/ সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করা যাবে না।
 - ঙ) স্নাতক ডিগ্রীধারী যে কোন শিক্ষার্থী যে সকল বিষয় নিয়ে ডিগ্রী (পাস) পরীক্ষায় কৃতকার্য হয়েছে সে সব বিষয় ছাড়া নিম্নে উল্লেখিত যে কোন একটি বিষয় নিয়ে সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।
 - চ) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন প্রাপ্ত প্রার্থীরা ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) প্রাইভেট পরীক্ষার্থীদের সংগে একই কোর্স ও কারিকুলাম অনুযায়ী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
 - ছ) বিষয় সমূহঃ বাংলা (ঐচ্ছিক), ইংরেজী (ঐচ্ছিক), দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ইসঃ ইতিহাস ও সংস্কৃতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং এবং ফাইন্যান্স ও ব্যাংকিং।
 - জ) প্রাইভেট প্রার্থীগণরেজিস্ট্রেশনের আবেদন পত্রে যে সকল বিষয় নির্বাচন করবে কেবলমাত্র সে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোনক্রমেই বিষয় পরিবর্তন করা যাবে না।
- ৫। **আবেদন ফরম সংগ্রহ :**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) Degree Pass অপশনে গিয়ে Blank Data Entry Form (Deg. Private) অপশন থেকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত নির্দেশনা ও শর্তাবলী অনুসরণ করে আবেদন ফরম পূরণ করতে হবে। প্রাইভেট সার্টিফিকেট কোর্সে আবেদনকারী প্রার্থীরাও একই অপশন থেকে আবেদন করতে পারবে। অসম্পূর্ণ/ ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে বিবেচিত হবে।
- ৬। **প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র :**
 - ক) আবেদনকারীর মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষা পাশের সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি; এবং সার্টিফিকেট কোর্সের জন্য উল্লেখিত সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপিসহ স্নাতক (পাস) পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।
 - খ) মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পাস পরীক্ষা পাশের মূল সনদপত্র ও নম্বরপত্র অবশ্যই আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।
 - গ) সামরিক বাহিনী, পুলিশ, বি.জি.বি ও আনসার বাহিনীতে চাকুরীরত প্রার্থীদেরকে তাদের চাকুরী দুই বছর পূর্ণ হয়েছে এই মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র জমা দিতে হবে। তাদের চাকুরীতে নিয়োগের তারিখ, পরীক্ষায় অংশগ্রহণ পর্যন্ত চাকুরীতে বহাল থাকার বিবরণ এবং পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে ইত্যাদি বিষয় প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।
 - ঘ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে মর্মে প্রত্যয়ন পত্রে উল্লেখ করতে হবে।
 - ঙ) সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।


প্রতিস্বাক্ষর



(প্রফেসর দেবীপ্রসাদ রায়)

অধ্যক্ষ

নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী।



(মোঃ আব্দুল কাদের)

আহবায়ক

১ম বর্ষ স্নাতক (পাস) প্রাইভেট রেজি: কমিটি/২০১৮

নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী।